



যুবলীগের মিছিলে পুলিশকে হুমকি ‘সামনে আসবি না মাইরা ফালামু’



ছবি: সংগৃহীত

আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গাজীপুরে বিক্ষোভ মিছিল করেছে মহানগর যুবলীগের নেতাকর্মীরা। মিছিল চলাকালে পুলিশের উদ্দেশে হুমকিমূলক বক্তব্য দেওয়ার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে।

রোববার (২১ জুন) ভোরে মহানগরীর বাসন এলাকার কলম্বিয়া গার্মেন্টসের সামনে এ মিছিল অনুষ্ঠিত হয়। ভিডিওতে কয়েকজনকে পুলিশের দিকে ইঙ্গিত করে ‘সামনে আসবি না’ এবং ‘মাইরা ফালামু’ ধরনের মন্তব্য করতে শোনা যায়।

ভিডিওতে দেখা যায়, ৩০ থেকে ৩৫ জনের একটি দল ব্যানার নিয়ে মিছিল বের করে। ব্যানারে আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী সফল করার আহ্বানের পাশাপাশি দলটির ওপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবি জানানো হয়। মিছিলকারীরা বিভিন্ন রাজনৈতিক স্লোগান দিতে দিতে এলাকায় অগ্রসর হন।

একপর্যায়ে বিপরীত পাশ থেকে কয়েকজন পুলিশ সদস্য মিছিলের দিকে এগিয়ে গেলে কিছু মিছিলকারী তাদের উদ্দেশে হুমকিমূলক বক্তব্য দেন বলে ভিডিওতে দেখা যায়। পরে ঘটনাটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে।

এ বিষয়ে বাসন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হারুনুর রশিদ বলেন, ভিডিওটি তাদের নজরে এসেছে। তবে এটি সাম্প্রতিক নাকি আগের কোনো ঘটনার, তা যাচাই করা হচ্ছে। গাজীপুর মেট্রোপলিটন পুলিশের কমিশনার মো. ইসরাইল হাওলাদার বলেন, মিছিলের বিষয়ে তথ্য পাওয়া গেছে। ঘটনাটি খতিয়ে দেখা হচ্ছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।